



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-৬০০

তারিখঃ ২৯/৮/২০১৭ খ্রি:।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম নিবিড় মনিটরিং করার স্বার্থে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের গ্রামীনফোন ইন্টারনেট সিম সরবরাহ করা হয়েছে এবং মাসিক ভিত্তিক বিল প্রকল্প দপ্তর হতে নিয়মিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পরিশোধ করা হয়। সার্বক্ষণিক সিমটি ব্যবহার সংক্রান্ত বিষয়ে বিগত ২১/৮/২০১৭ খ্রিঃ তারিখে, স্মারক নং-৫৭৭ মূলে অফিস আদেশ জারী করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক মাঠ সংগঠক প্রকল্পের মনিটরিং কার্যক্রম-কে বাধাগ্রস্ত করার লক্ষ্যে সিমটি ব্যবহার না করে বন্ধ/অন্য ব্যক্তিকে হস্তান্তর করেছেন, যা কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করার সামিল। প্রকল্পের নিয়মিত মনিটরিং কার্যক্রমের অংশ হিসেবে অদ্য ২৯/০৮/২০১৭ খ্রিঃ তারিখে দেখা যায় যে, নিম্ন বর্ণিত মাঠ সংগঠকগণ নির্দেশনা অমান্য করে ইন্টারনেট সিম বন্ধ/অন্য ব্যক্তিকে হস্তান্তর করার কারণে তাদের অবস্থান প্রকল্প এলাকায় নির্ণয় করা সম্ভব হয়নি। তাই বর্ণিত মাঠ সংগঠকদের উক্ত দিনে কর্মস্থলে অনুপস্থিতি বিবেচনা করে ১ (এক) দিনের বেতন-ভাতা স্থগিতসহ কেন তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ১০ কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

ক্র নং	নাম	পদবী	কর্মস্থল
০১	সবিতা রাণী	মাঠ সংগঠক	শ্রীপুর, মাগুরা
০২	হ্যাপী বেগম	মাঠ সংগঠক	আমতলী, বরগুনা
০৩	নাসরিন হাওলাদার	মাঠ সংগঠক	পিরোজপুর সদর, পিরোজপুর
০৪	সুসমিতা তহসিলদার	মাঠ সংগঠক	পিরোজপুর সদর, পিরোজপুর
০৫	আজাদুল ইসলাম	মাঠ সংগঠক	পিরোজপুর সদর, পিরোজপুর
০৬	নুরুন নাহার	মাঠ সংগঠক	যশোর সদর, যশোর
০৭	ফিরোজা খাতুন	মাঠ সংগঠক	যশোর সদর, যশোর
০৮	জেসমিন সুলতানা	মাঠ সংগঠক	ঝিকরগাছা, যশোর
০৯	শ্রীরাম দাস	মাঠ সংগঠক	মনপুরা, ভোলা
১০	সোনিয়া খাতুন	মাঠ সংগঠক	কেশবপুর, যশোর
১১	শারমিন আক্তার	মাঠ সংগঠক	ডুমুরিয়া, খুলনা
১২	রহিমা খাতুন	মাঠ সংগঠক	ঝিনাইদহ সদর, ঝিনাইদহ
১৩	মোসাঃ আকলিমা খাতুন	মাঠ সংগঠক	চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা
১৪	একরামুল হক	মাঠ সংগঠক	গাংনী, মেহেরপুর
১৫	লিমন হোসেন	মাঠ সংগঠক	গাংনী, মেহেরপুর

২। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা (আপনার আওতাধীন বর্ণিত মাঠ সংগঠকের ০১দিনের বেতন-ভাতা কর্তনপূর্বক প্রকল্প দপ্তর কে অবিহত করার জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৫. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৬. মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।